



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১



website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৮১০০৫৪৭১-২/বরি-১২২/১০৯১৭

তারিখ: ১৯ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২০ খ্রি.

বিষয় : লিখিত বক্তব্যসহ প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে


সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা পত্র নং-বামাশিবো/৩৩৩১৮১০০৫৪৭১-২/১০৮০০/নথি নং-১২২ তারিখ: ৩১.১০.২০১৮ইং।
২। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশালের পত্র নং ০৫.১০.০৬০৭.০০০.৩৩.০০২.১৯-৭৮৭ তারিখ: ২৫.০৯.২০১৯ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন দক্ষিণ কাজলাকাঠি মোহসেনিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি মো: আমিনুল এহসান মাতুব্বর ও অধ্যক্ষ জনাব লুৎফর রহমান কর্তৃক বিভিন্ন জাল-জালিয়াতি ও অবসরপ্রাপ্ত অধ্যক্ষের অবসরের কাগজপত্র স্বাক্ষর করার বিনিময়ে চাঁদা দাবিসহ বিভিন্ন বিষয় উল্লেখপূর্বক অবসরপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: নুরুল্লাহ ও সাবেক সভাপতি জনাব এ বি এম শাহজালাল হাওলাদার পৃথক দুটি অভিযোগ দাখিল করেন। অভিযোগের বিষয়ে সুত্রোক্ত ১ নং স্মারকে পত্র দেয়া হলে উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল সুত্রোক্ত ২ নং স্মারকে সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাকেরগঞ্জ, বরিশালের মাধ্যমে সরেজমিনে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ করেছেন। “প্রতিবেদন অনুযায়ী দেখা যায় অবসরপ্রাপ্ত সাবেক অধ্যক্ষ জনাব মো: নুরুল্লাহর অবসরকালীন কাগজপত্র প্রস্তুত পূর্বক স্বাক্ষর না করে উপরন্তু অধ্যক্ষ ও সভাপতি কর্তৃক অবসরপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: নুরুল্লাহর বিরুদ্ধে প্রতিষ্ঠানের কাগজপত্র চুরির যে অভিযোগ করা হয়েছে তার স্বপক্ষে অধ্যক্ষ জনাব লুৎফর রহমান কোন দালিলিক প্রমাণ উপস্থাপন করতে পারেননি। প্রাথমিকভাবে অবসরপ্রাপ্ত অধ্যক্ষ মো: নুরুল্লাহর নিকট চাঁদা দাবির অডিও রেকর্ড পাওয়া গেছে। মেয়াদ উত্তীর্ণ কমিটির সভাপতির স্বাক্ষরে বিধি বহির্ভূতভাবে বেতন-ভাতা উত্তোলন, জনবল কাঠামো-২০১৩ অনুযায়ী অধ্যক্ষ পদের নিয়োগ বিজ্ঞপ্তিতে অভিজ্ঞতার কথা উল্লেখ না করা এবং জনাব লুৎফর রহমান অধ্যক্ষ পদে নিয়োগ পাওয়ার পরেও পূর্বের প্রভাষক পদের বেতন-ভাতা উত্তোলন করার অভিযোগ সমূহ তদন্তে সত্যতা প্রতীয়মান হয়েছে।”

বর্ণিত অবস্থায় তদন্তে প্রমাণিত অভিযোগের বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ রিট পিটিশন নং ১৬০০১/২০১৮ ও ১৪৬১২/২০১৮ এর সর্বশেষ অবস্থা ১৫ (পনেরো) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: তদন্ত প্রতিবেদন (০৫ পৃষ্ঠা)


০৪.১১.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ,


দক্ষিণ কাজলাকাঠি মোহসেনিয়া আলিম মাদ্রাসা,
মাতুব্বরহাট, বাকেরগঞ্জ, বরিশাল।

নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৮১০০৫৪৭১-২/বরি-১২২/১০৯১৭

তারিখ: ১৯ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বরিশাল;
২. জেলা শিক্ষা অফিসার, বরিশাল;
৩. উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল;
৪. জনাব মো: নুরুল্লাহ (অভিযোগকারী), সাবেক অধ্যক্ষ, দক্ষিণ কাজলাকাঠি মোহসেনিয়া আলিম মাদ্রাসা;
৫. জনাব এবিএম শাহজালাল হাওলাদার (অভিযোগকারী), পো: মাতুব্বরহাট, বাকেরগঞ্জ, বরিশাল;
৬. জনাব আমিনুল ইহসান মাতুব্বর(সাবেক সভাপতি), দক্ষিণ কাজলাকাঠি মোহসেনিয়া আলিম মাদ্রাসা;
৭. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।


০৪/১১/২০২০

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd